পাঁচ দেশে শনিবার থেকে চালু হতে পারে বিশেষ ফ্লাইট

চেম্বার ডেস্ক:: কঠোর লকডাউনে প্রবাসী কর্মীদের বিষয়টি মাথায় রেখে শনিবার (১৭ এপ্রিল) থেকে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ওমান, কাতার ও সিঙ্গাপুরে বিশেষ ফ্লাইট পরিচালনার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমান। এ বিষয়ে বৃহস্পতিবার (১৫ এপ্রিল) সংশ্লিষ্টরা বৈঠকে মিলিত হন। এতে প্রাথমিকভাবে নীতিগত সিদ্ধান্ত হয়েছে পাঁচটি দেশে ১০০ থেকে ১২০টি বিশেষ ফ্লাইট পরিচালনা করা হবে।

লকডাউনকালীন বিদেশগামী কর্মীদের গন্তব্য দেশে যাওয়া বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মাসুদ বিন মোমেনের সভাপতিত্বে ভার্চ্যুয়ালি এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয় কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন এবং বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মো. মোকাম্মেল হোসেন, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমান, বিমানের এমডিসহ পদস্থ কর্মকর্তারা।

এ বিষয়ে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমান বলেন, শনিবার থেকে পাঁচ দেশে বিশেষ ফ্লাইট চালু হওয়ার সম্ভাবনা রয়েছে। আমরা এসব দেশে ১০০ থেকে ১২০টি ফ্লাইট পরিচালনা করবো। আজ (১৫ এপ্রিল) রাত ৮টায় সংশ্লিষ্টদের নিয়ে সভা অনুষ্ঠিত হবে। সেই সভায় সব কিছু সুনির্দিষ্ট হবে।

বিদেশগামী যাত্রীদের করোনা নেগেটিভ সনদসহ স্বাস্থ্যবিধি মেনে

এয়ারপোর্টে আনার দায়িত্ব রিক্রুটিং এজেন্সির। প্রবাসী কর্মীরা কেবল জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট বাংলাদেশ মিশনের ছাড়পত্র নিয়ে এবং দেশে প্রযোজ্য কোয়ারেন্টিন শর্ত মেনে কোভিড নেগেটিভ সনদ নিয়ে দেশে আসতে পারবেন।